দৈনিক খবর

তারিখ 19 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৭

০৪

### ইসলামী বিশ্ববিদ্যালয়

# শিক্ষকদের ক্লাস বর্জনের তৃতীয় দিন অতিবাহিত

কুষ্টিয়া ব্যুরো অফিস থেকে মতিউর রহমান লাল্টুঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ক্লাস বর্জন গতকাল বুধবার তৃতীয় দিনের মতো অব্যাহত ছিলো।

বিশ্ববিদ্যালয় থেকে শহরে চলাচলকারী পরিবহন ব্যবস্থা প্রশ্নে ছাত্র ও শিক্ষকদের মধ্যে এক অপ্রীতিকর ঘটনার জের হিসেবে শিক্ষকরা এ ধর্মঘট শুরু করে। সৃষ্ট পরিস্থিতি সম্পর্কে তদন্তের জন্য সিন্ডিকেট এক সভায় একটি কমিটি গঠন করে। এ রিপোর্ট পাওয়া পর্যন্ত জানা গেছে, শিক্ষকদের সাথে প্রশাসনের বৈঠক চলছে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ (মু-ই) ও ছাত্রদল অবিলম্বে শিক্ষকদের ধর্মঘট প্রত্যাহারের আহবান জানিয়েছে